# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date: 01.10.2023** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) একশো দিনের কাজের টাকা পাওয়া নিয়ে বঞ্চনার অভিযোগে বিশেষ কর্মসূচীতে যোগ দিতে তৃণমূল কংগ্রেস সমর্থকদের বাসে করে দিল্লী রওনা।

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন, সবটাই নাটক।

২) ডেঙ্গুর মোকাবিলায় কলকাতা ও জেলাস্তরে ২৪ ঘন্টা কন্ট্রোল রুম খোলার নির্দেশ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

৩) দেশজুড়ে আজ পালিত হচ্ছে স্বচ্ছতাই সেবা কর্মসূচী। এই কর্মসূচীতে অংশ নিতে কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি আসছেন রাজ্যে।

৪) নিম্নচাপের জেরে আগামী ৪ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গে ঝড় বৃষ্টি চলবে।

৫) ইস্টবেঙ্গল আইএসএল ফুটবলে তাদের দ্বিতীয় ম্যাচে জয় পেয়েছে।

---------------------------------------------------------------------------------------------

দিল্লিতে তৃণমূল কংগ্রেসের নিজস্ব কর্মসূচিকে ঘিরে বিতর্কের ফাঁকে বাসে করে রওনা হন দলীয় সমর্থকরা। দিল্লি যাত্রার জন্য গোটা ট্রেন ভাড়া করতে চেয়ে আবেদন জানিয়েছিল তৃণমূল। জমা দেওয়া হয়েছিল রেলের ঠিক করে দেওয়া ভাড়া এবং সিকিউরিটি ডিপোজ়িটও। কিন্তু সেই আবেদন নাকচ হয়ে যায়। রেলের তরফে দাবি করা হয়, তৃণমূল ট্রেন চেয়েছিল আইআরসিটিসির কাছে। সেই আবেদনের কথা জানার

পরে চেষ্টা করেও ট্রেনের ব্যবস্থা করা যায়নি। শুক্রবারই অবশ্য বিকল্প ব্যবস্থা নেওয়ার কথা ঘোষণা করেছিলেন তৃণমূলের সর্বভারতীয় সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। গতকাল সকালে ধর্মতলা থেকে একে একে দিল্লির উদ্দেশে রওনা হয় তৃণমূলের সমর্থক বোঝাই বাস।

প্রথম বাসটি ছাড়ে দুপুর সাড়ে ১২টা নাগাদ। প্রাথমিক ভাবে জানা গিয়েছে, আসানসোল, ধানবাদ, বারাণসী, আগরা হয়ে দিল্লি পৌঁছবে বাসগুলি। প্রতিটি বাসেই ৭০ থেকে ৭২টি আসন থাকছে। সূত্রের খবর, আসনের অতিরিক্ত যাত্রী কোনও বাসেই নেওয়া হচ্ছে না।প্রসঙ্গত, রাজ্যে ১০০ দিনের কাজের বকেয়া টাকা ও অন্যান্য আর্থিক দাবি আদায়ে গত জুলাইয়ে দিল্লির কর্মসূচি ঘোষণা করেছিল তৃণমূল। ১০০ দিনের কাজ করেও টাকা পাননি, এমন মানুষদের নিয়েই দিল্লিতে এই কর্মসূচি পালন করবে তারা।

বাইট

---------------------

দিল্লি চলো কর্মসূচির জন্য তৃণমূল কংগ্রেসের চাওয়া ট্রেন শেষ মুহূর্তে বাতিল করা নিয়ে যে বিতর্ক তৈরি হয়েছে, বিজেপি তা খারিজ করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, সঠিক পদ্ধতিতে রেলের বুকিং না করলে ট্রেন পাওয়া যায় না। বিরোধীদের কণ্ঠ রোধ করার জন্যই এভাবে ট্রেন বাতিল করা হচ্ছে এবং কেন্দ্রীয় মন্ত্রী দেখা না করে অনুপস্থিত থাকছেন বলে যে অভিযোগ করা হয়েছে, সে বিষয়ে শ্রী মজুমদার বলেন কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে দেখা করার জন্য আগে থেকে সময় নিতে হয়। এ রাজ্যেও মুখ্যমন্ত্রী কখনো বিরোধীদের সঙ্গে দেখা করেন না এবং কোন প্রশাসনিক বৈঠকে  বিরোধীদের ডাকেন না।

---------------------

কেন্দ্রের বঞ্চনা নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় নাটক করছে বলে সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, দিল্লীতে গিয়ে আন্দোলন করার যে বিবৃতি অভিষেক দিয়েছেন, তা পূর্বতন বামফ্রন্ট সরকারের বক্তব্যের অনুরকরণ। শ্রী মজুমদারের দাবি, তৃণমূল কংগ্রেসের কোনো শীর্ষ নেতা বাসে দিল্লী যাচ্ছেন না, শুধু গ্রামের সাধারণ মানুষ, যাদের টাকা দিয়ে নিয়ে যাওয়া হচ্ছে, তারাই বাসে যাচ্ছেন।

বাইট

এদিকে, একশো দিনের কাজে রাজ্যের বকেয়া পাওনা মিটিয়ে দেওয়ার দাবিতে আম আদমি পার্টি আগামীকাল রাজভবন অভিযানের ডাক দিয়েছে।

------------------------

ডেঙ্গুতে রাজ্যে যাতে একটিও প্রাণহানি না হয় তা নিশ্চিত করতে নজরদারি আরও কঠোর করার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশ দিয়েছেন। নবান্নে গতকাল ডেঙ্গু নিয়ে মুখ্য সচিবের নেতৃত্বে উচ্চ পর্যায়ের বৈঠকে ফোনে যোগ দেন মুখ্যমন্ত্রী। প্রয়োজনে ডেঙ্গু মোকাবিলায় সপ্তাহে সাতদিন ২৪ ঘণ্টা কাজ করতে তিনি প্রশাসনকে নির্দেশ দেন। কেন্দ্রীয় সরকার আগামী দু সপ্তাহে ডেঙ্গুর প্রকোপ আরও বাড়ার সতর্কবার্তা দেওয়ায় আরো বেশ কিছুদিন প্রশাসনিক কর্তাদের সর্বোচ্চ সতর্কতা বজায় রাখতে বলেন তিনি। আগামী কয়েক দিন বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় মুখ্যমন্ত্রী পঞ্চায়েত ও পুর এলাকায় যুদ্ধকালীন তৎপরতায় জমা জল সাফাই করতে বলেন। কোথায় কোথায় জল জমছে তা নজরে রাখতে হবে। প্রত্যেক বাড়িতে গিয়ে খোঁজ নিতে হবে, কারও জ্বর আছে কি না। কলকাতা পুরো এলাকায় এবং জেলা স্তরে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম

খোলারও নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। একইসঙ্গে ডেঙ্গুর হটস্পটগুলিকেও নিয়মিত চিহ্নিত করতে বলেছেন।

----------------------

দেশজুড়ে আজ পালিত হচ্ছে স্বচ্ছতাই সেবা কর্মসূচী। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সমগ্র দেশবাসী আজ সকাল ১০'টায় এই 'স্বচ্ছতা কর্মসূচী'তে যোগ দেবে।

সামাজিক মাধ্যমের এক পোস্টে শ্রী মোদী বলেন, স্বচ্ছ ভারত একটি সম্মিলিত দায়িত্ব, যেখানে প্রতিটি প্রয়াস গুরুত্বপূর্ণ। তিনি প্রত্যেককে এই মহান উদ্যোগে অংশ নিতে আহ্বান জানান। তিনি বলেন, গান্ধীজীর জন্মজয়ন্তীর প্রাক্কালে এটিই হবে তাঁর প্রতি শ্রদ্ধার্ঘ্য।

----------------------

'স্বচ্ছতা হি সেবা' কর্মসূচিতে অংশ নেওয়ার উদ্দেশ্যে কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি একদিনের সফরে আজ রাজ্যে আসছেন। সরকারি সূত্রে জানা গেছে সকালে দিল্লি থেকে রওনা হয়ে তিনি শিলিগুড়ির বাগডোগরা বিমানবন্দরে এসে পৌঁছবেন। এরপর সকাল দশটায় তেনজিঙ্ নোরগে বাস টার্মিনাসে 'স্বচ্ছতা হি সেবা' কর্মসূচিতে অংশ নেবেন। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার কেন্দ্রীয় মন্ত্রীর এই কর্মসূচিতে উপস্থিত থাকবেন বলে জানা গেছে । শ্রীমতি ইরাণির দুপুরে শিলিগুড়িতে একটি বৈঠকে অংশ নেওয়ার কথা রয়েছে। বৈঠক শেষে বাগডোগরা বিমানবন্দর থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন তিনি।

----------------------

"স্বচ্ছতাই সেবা" স্লোগানকে সামনে রেখে উত্তরবঙ্গে করোনেশন ব্রিজে গতকাল সাফাই অভিযান চালানো হয়। মংপং আর্মি কোর ও ওয়াশাবাড়ির চিলড্রেনস হোম

ইংলিশ স্কুলের যৌথ উদ্যোগে এই অভিযানে পড়ুয়া, শিক্ষক ও সেনা সদস্যরা সেতুর চারপাশে পড়ে থাকা আবর্জনা পরিষ্কার করেন। শিশুরা পোস্টার হাতে পরিচ্ছন্নতার আবেদন জানায়।

অন্যদিকে জলপাইগুড়ি শহরের মাঝখান দিয়ে বয়ে যাওয়া করলা নদীর তীরে "স্বচ্ছতাই সেবা "কর্মসূচিতে নদীর তীরে জমে থাকা আবর্জনা সাফাইয়ে অন্যদের সঙ্গে হাত লাগান  জলপাইগুড়ির সাংসদ ডাক্তার জয়ন্ত রায়। তিনি বলেন, জলশক্তি মন্ত্রী গজেন্দ্রসিং শেখাওয়াতকে চিঠি পাঠিয়ে করলা, তিস্তা ও মহানন্দা, এই তিনটি নদীকে দূষণ মুক্ত করতে বিশেষ প্রকল্পের দাবী জানিয়েছেন তিনি।

-----------------------

উত্তর পূর্ব ও সংলগ্ন পূর্ব মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ, উত্তর পশ্চিমে ওড়িশা ও পশ্চিমবঙ্গ উপকূলের দিকে অগ্রসর হচ্ছে এবং তা আরও ঘনীভূত হয়েছে। তার প্রভাবেই জেলায় জেলায় চলছে বৃষ্টির দাপট। কলকাতা-সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুক্রবার রাত থেকেই বৃষ্টি শুরু হয়েছিল। গতকাল মুষলধারে বৃষ্টি হয় বেশ কয়েকটি এলাকায়। আজও সকাল থেকে দক্ষিণবঙ্গে কোথাও ঝিরঝিরে বৃষ্টি, কোথাও ঝমঝমিয়ে চলছে বর্ষণ। উত্তরবঙ্গেও বৃষ্টি চলছে। আগামী চার দিন উত্তরের জেলাগুলিতে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আলিপুর আবহাওয়া দপ্তর।

এদিকে, বিষ্ণুপুর থানার বোড়ামারা গ্রামে মাটির দেওয়াল ভেঙে গতকাল  তিন শিশুর মৃত্যু হয়। বৃষ্টিতে নরম হয়ে যাওয়ার কারণেই মাটির দেওয়াল ধসে পড়ে। হুগলির উত্তরপাড়ায় ঝড়বৃষ্টির প্রভাবে একটি বিপজ্জনক বাড়ির একাংশ ভেঙে আতঙ্ক ছড়িয়েছে।

বৃষ্টিতে জেলায় জেলায় চাষের ক্ষতি হয়েছে। হুগলির পাশাপাশি, পূর্ব মেদিনীপুরে অতিরিক্ত বৃষ্টির কারণে সব্জি, ফুল এবং ধান চাষে ব্যাপক ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

টানা বৃষ্টিতে দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর, গড়িয়া, বারুইপুর, জয়নগর, ডায়মন্ড হারবার, বজবজ, মহেশতলার রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগপূর্ণ আবহাওয়া নিয়ে সতর্ক সুন্দরবন প্রশাসনও। খোলা হয়েছে কন্ট্রোলরুম, বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীদের প্রস্তুত রাখা হয়েছে। ইতিমধ্যে সেখানে একাধিক নদীর জলস্তর বৃদ্ধি পেতে শুরু করেছে।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় উপমহানির্দেশক সঞ্জীব বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন,

বাইট

------------------------

দক্ষিণ শহরতলির নরেন্দ্রপুর থানা এলাকায় রুমঝুম পার্কের একটি ফাস্ট ফুডের দোকানে বসে গতকাল ভরসন্ধ্যায় এক ব্যক্তি আচমকা গুলি চালানোয় চঞ্চল্যের সৃষ্টি হয়। পুলিশ সূত্রে জানা গেছে, ঐ ক্রেতা দোকানে এসে খাবারের অর্ডার দেওয়ার পর অতর্কিতে গুলি চালাতে শুরু করে। দোকানের কাঁচ ভেদ করে গুলি বেরিয়ে যায়, তবে কেউ আহত হয়নি। পুলিশ আগ্নেয়াস্ত্র সমেত অভিযুক্তকে গ্রেপ্তার করেছে। উদ্ধার হয়েছে গুলির খোল। ৫৫ গ্রাম এলাকার বাসিন্দা ঐ ব্যক্তি কেন গুলি চালালো, তা জানতে পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ করছে।

------------------------

পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন পরিচালিত ‘ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস’-Executive-মেন পরীক্ষার জন্য, পূর্ব রেলের হাওড়া ডিভিশন আজ অতিরিক্ত EMU লোকাল চালানোর সিদ্ধান্ত নিয়েছে। রবিবার বাতিল থাকা লোকাল ট্রেনগুলিও সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত যথারীতি চালানো হবে বলে পূর্ব রেল সূত্রের খবর।

------------------------

সুষ্ঠুভাবে ট্রেন চলাচলের উদ্দেশ্যে ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজের জন্য, পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের বারুইপুর-ডায়মন্ড হারবার শাখায় বাসুলডাঙ্গা স্টেশন এবং শিয়ালদা বনগাঁ শাখায় বনগাঁ স্টেশনে গতকালের পর আজও পৃথকভাবে ট্রাফিক ব্লক থাকবে। এর ফলে আজ ডায়মন্ড হারবার- শিয়ালদা লোকাল, ডায়মন্ড হারবারের পরিবর্তে মগরাহাট থেকে ছাড়বে।

অন্যদিকে বনগাঁ -শিয়ালদা লোকাল আজ বনগাঁর পরিবর্তে চাঁদপাড়া স্টেশন থেকে ছাড়বে বলে পূর্ব রেল সুত্রের খবর।

----------------------

মধ্য কলকাতার ইলিয়াট রোডে একটি দোতলা বাড়ির এক তলায় একটি গুদামে গত সন্ধ্যায় আগুন লাগে। গুদামে পারফিউমের কনটেনার, চকলেট, চিপস ইত্যাদি ছিল। দমকলের 15 টি ইঞ্জিন ১২ টা ৪০ নাগাদ আগুন নেভাতে সমর্থ্য হয়।

----------------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল ২-১ গোলে হায়দরাবাদ এফ সি, কে হারিয়ে দিয়েছে। বিরতিতে খেলা ১-১ ছিল। ইস্টবেঙ্গলের পক্ষে দুটি গোলই করেছেন ক্লেটন সিলভা। হায়দরাবাদ এফ সি, র হিতেশ শর্মা গোল করেন। ইস্টবেঙ্গল প্রথম ম্যাচে ড্র করার পর দ্বিতীয় ম্যাচে জয় পেল।

---------------------- ----------------------